



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯



জরুরি
সীমিত

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭

১০ আগস্ট ২০২০

নম্বর ৩৭.২৪.০০০০.০০৩.৩২.০০১.১৯.৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২০ সালের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০১৬-১৭, ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ (৩য় বর্ষ, ২য় বর্ষ এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত ২০২০ সালে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে।

উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <http://estipend.pmeat.gov.bd> লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে ব্যবহার নির্দেশিকায় পাওয়া যাবে। উক্ত সফটওয়্যারে তথ্য এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের আলাদা-আলাদা User ID ও password শিঘ্রই প্রেরণ করা হবে। ব্যবহার নির্দেশিকার শর্তাবলি অনুসরণপূর্বক আগামী ১৬/০৮/২০২০ খ্রি: থেকে ১৫/০৯/২০২০ খ্রি: তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সিস্টেম ব্যবহার করে অনলাইনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কোন হার্ড কপি প্রেরণের প্রয়োজনীয়তা নাই।

১০-৮-২০২০

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: md@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৮) বিজ্ঞাপন ম্যানেজার, কালের কণ্ঠ, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা, ঢাকা।